গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
(রাজস্ব শাখা)
www.coxsbazar.gov.bd

স্মারক নং- ০৫.২০.২২০০.১২৮.২০.০৫৮.২০২৬-৭৫০/১

তারিখ: ১৫ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

# (অ-ইজারাকৃত বালুমহালের খাস আদায়ের নিমিত্ত আবেদন দাখিলের বিজ্ঞপ্তি)

কক্সবাজার জেলাধীন নিম্নবর্ণিত ০৩ (তিন) টি বালুমহাল ১৪৩৩ বঙ্গাব্দের জন্য ইতিপূর্বে প্রচারিত দরপত্র বিজ্ঞপ্তিমতে ইজারা না হওয়ায় বর্ণিত বালুমহাল সমূহতে খাস আদায়ের লক্ষ্যে বালু উত্তোলন, বিপনন কাজে আগ্রহী ব্যাক্তি/ প্রতিষ্টান হতে নিম্নবর্ণিত শর্তাধীনে আগামী ০৭/০৭/২০২৬ খ্রি: তারিখের মধ্যে দরখাস্ত/ আবেদন আহবান করা যাচ্ছে।

**কক্সবাজার জেলার অ-ইজারাকৃত বালুমহালের তালিকা:**

| ক্র: নং | উপজেলার নাম | বালুমহালের নাম | মৌজা ও বিএস খতিয়ান নং | বিএস দাগ নং | জমির পরিমাণ (একরে) | অগ্রীম প্রদান বাবদ মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৮ |
| ০১ | রামু | দারিয়ারদিঘী বালুমহাল | দারিয়ারদিঘী খতিয়ান নম্বর-১ | ২৬১১, ২৬৩৬, ২৬৮৩, ৩৬০৯, ৩৬৭৬ | ১০.৩৪ | ৭,৪৭,৬৬১/- |
| ০২ | চকরিয়া | হারবাং-১ বালুমহাল | হারবাং খতিয়ান নম্বর-১ | ১৬৫০৭, ১৬৭০৫, ১৬৭৩২, ১৬৭৩৩, ১৬৭৭৬ | ১৬.৮৩ | ১০,২৬,০৫৩/- |
| ০৩ | পেকুয়া | সোনাইছড়ি বালুমহাল | সোনাইছড়ি খতিয়ান নম্বর-১<br>টৈটং খতিয়ান নম্বর-১<br>টৈটং খতিয়ান নম্বর-২১৬ | ১২৩৮, ১২৬৬, ১৭৮৬<br>২৫৪৭<br>২১৬, ২৫৪১, ২৬৩৩, ২৬৪২ | ২.৪৫<br>২.৭৩<br>২.৫৪<br>মোট-৭.৭২ | ৫,৮৮,৪৯৪/- |

**আবেদনের শর্তাবলী:**

০১। বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে অফিস চলাকানীন সময়ের মধ্যে অ-ইজারকৃত বালুমহাল সমূহ হতে বালু উত্তোলন ও বিপণন কাজে আগ্রহী ব্যাক্তি/ প্রতিষ্টান কে আবেদন দাখিল করতে হবে।

০২। প্রতিটি বালুমহালের জন্য পৃথকভাবে আবেদনকারীর ঠিকানা উল্লেখপূর্বক ও স্বাক্ষর সমেত আবেদন দাখিল করতে হবে।

০৩। আবেদনের সাথে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, হাল সন পর্যন্ত আয়কর, ভ্যাট প্রদানের সনদপত্র এবং তফসীলি ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদ দাখিল করতে হবে।

০৪। প্রাপ্ত আবেদনসমূহ বিবেচনার ক্ষেত্রে জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

০৫। জেলা বালুমহাল কমিটি কর্তৃক নিযুক্তীয় ব্যাক্তি/ প্রতিষ্টানকে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা ২০২৫ এর বিধি ১০ (৩) অনুযায়ী আগাম মূল্য পরিশোধ করতে হবে।

০৬। বালুমহাল যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় বালু উত্তোলন করতে হবে। আবেদন দাখিলের পূর্বেই সরেজমিন পরিদর্শন করে বালুমহালের বাস্তব অবস্থা সঠিকভাবে জেনে আবেদন দাখিল করতে হবে।

০৭। ব্যক্তি/প্রতিষ্ঠান প্রধানের তিন কপি সত্যায়িত ছবি এবং সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৮। পরিবহন ব্যবস্থা আবেদনে উল্লেখ করতে হবে।

০৯। আগাম মূল্যের সাথে সরকারি অন্যান্য পাওনা বিধি মোতাবেক পরিশোধ করতে হবে। জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদন হওয়ার ৭ (সাত) কর্মদিবসের মধ্যে নির্ধারিত মূল্য জমা প্রদান করতে হবে। আগাম অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১০। সংশ্লিষ্ট উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস থেকে বিধি মোতাবেক বালুমহাল বুঝিয়ে দেওয়া হবে।

১১। সেতু, সড়ক, মহাসড়ক ও অন্যান্য এমন কোনো স্থান হতে বালু উত্তোলন গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি স্থাপনার নিকটবর্তী স্থান এবং পরিবেশের ভারসাম্য বিনষ্ট করে করা যাবে না। পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত বেড়ী বাঁধ বা নদীর বাঁধ/পাড়ের ক্ষতি সাধনকরা যাবে না। কোনো বালু

CamScanner

মহালের চৌহদ্দির মধ্যে ব্রিজ থাকলে তা হতে ৫০০ গজ বাদ দিয়ে বালু উত্তোলন করতে হবে এবং এ শর্ত ভঙ্গ করে ব্রিজের কোনো ক্ষতিসাধিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীকে দায়ী করা হবে।

১২। বালু উত্তোলনে কোন প্রকার মেশিন ব্যবহার করা যাবে না এবং বালুমহাল সীমানায় বালু মজুদ রাখা যাবে না।

১৩। বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ ও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা (সংশোধন) আইন ২০২৩ এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ এর যাবতীয় বিধিবিধান এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত যাবতীয় বিধিবিধান অনুসরণ করতে হবে।

১৪। আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্টান বালুমহালের আয়তন হ্রাস বা বৃদ্ধি বা ক্ষতিসাধন করতে পারবেন না।

১৫। কোন অবস্থাতেই বালু ব্যতীত মাটি বা অন্য কিছু উত্তোলন করা যাবে না।

১৬। বালুমহাল হস্তান্তর এর পর হতে বালু উত্তোলন কার্যক্রম শুরু হবে।

১৭। আবেদনকারী উত্তোলিত বালু কোনোক্রমেই সর্বসাধারণের ব্যবহার্য রাস্তা বা রাস্তা সংলগ্ন স্থান, খেলার মাঠ, পার্ক বা উন্মুক্ত স্থানে স্তুপ আকারে রাখিয়া স্বাভাবিক চলাচলে বিঘ্ন ও জনদুর্ভোগ সৃষ্টি করিতে পারিবেন না।

১৮। উত্তোলিত বালু সংশ্লিষ্ট মালিক বা আইনানুগ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির অনুমতি ব্যতীত স্থানীয় জনগণের জায়গা জমিতে বা সরকারের জায়গা জমিতে স্তুপ আকারে রাখিতে পারিবেন না।

১৯। ভুল বা মিথ্যা তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ দরখাস্ত বিবেচনাযোগ্য নয়।

২০। বালুমহালের আবেদন মঞ্জুর/ না-মঞ্জুর/বাতিলের সুপারিশ প্রদানের ক্ষেত্রে কমিটি সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

২১। উপর্যুক্ত শর্তাবলির যে কোনো এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং সরকারি সম্পত্তির ক্ষতি সাধন করলে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ ও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা (সংশোধন) আইন ২০২৩, বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ এবং সরকারী দাবী আদায় আইন, ১৯১৩ এর মাধ্যমে সার্টিফিকেট মামলা দায়ের করে ক্ষতিপূরণ আদায়সহ আইনানুগ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তি দাতা এ বিজ্ঞপ্তি পরিবর্তন কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৩। জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও পরিবেশ দূষণমুক্ত রাখতে হবে। নদী/খাল/ছড়ার ভূ-প্রাকৃতিক পরিবেশ, মৎস্য, জলজ প্রাণী বা উদ্ভিদ বিনষ্ট হলে বা হওয়ার আশঙ্কা থাকলে বালু উত্তোলন করা যাবে না।

২৪। নির্ধারিত সীমানার বাহিরে কোন বালু উত্তোলন করা যাবে না। সূর্যোদয় হতে সূর্যাস্তকাল পর্যন্ত বালু উত্তোলন করতে পারবেন।

২৫। নদীর/খাল/ছড়ার তীর ভূমির ঢাল (Slope) যথাযথভাবে সংরক্ষণ করে বালু উত্তোলন করতে হবে। বালু উত্তোলনের ফলে নদীর তীর যাতে ভেঙে না যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। উত্তোলনকৃত বালু কোনো অবস্থাতেই নদীর তীরে বা নদীতে ফেলা যাবে না।

২৬। বালু উত্তোলনের ফলে বালুমহাল এবং পার্শ্ববর্তী এলাকার প্রাকৃতিক/পরিবেশের ভারসাম্য নষ্ট হলে জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বালু উত্তোলন স্থগিত/বাতিল করতে পারবেন।

২৭। সংশ্লিষ্ট উপজেলা খাস আদায় সংক্রান্ত কমিটির তত্ত্বাবধানে বালু উত্তোলন করতে হবে।

২৯/৬/২৬
ইমরানা হোসাইন সজীব
অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)
কক্সবাজার
ফোনঃ ০২৩৩৪৪৬২২০০
email: adcrcox@gmail.com

স্মারক নং- ০৫.২০.২২০০.১২৮.২০.০৫৮.২০২৬- ৭৫০/৯

তারিখ: ১৫ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় অবগতির জন্য:

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৪। মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), সেগুন বাগিচা, ঢাকা

সদয় অবগতি ও কার্যার্থে:

০৫। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহণ কর্তৃপক্ষ, ঢাকা
০৬। পুলিশ সুপার, কক্সবাজার
০৭। প্রশাসক, ............................................. পৌরসভা, কক্সবাজার
০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ পানি উন্নয়ন বোর্ড/ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ সড়ক ও জনপথ অধিদপ্তর, কক্সবাজার
০৯। উপজেলা নির্বাহী অফিসার, ............................................. রামু, চকরিয়া, পেকুয়া কক্সবাজার
১০। সহকারী কমিশনার (ভূমি), ............................................. রামু, চকরিয়া,পেকুয়া কক্সবাজার
১১। সহকারী কমিশনার (আইসিটি শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার ( বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

CamScanner

১২। সহকারী কমিশনার (গোপনীয় শাখা) জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার
১৪। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, কক্সবাজার
১৫। জেলা মৎস্য কর্মকর্তা, কক্সবাজার
১৬। সম্পাদক, ............................................ (উক্ত বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকায়া ভিতরের পাতায় সীমিত পরিসরে কেবলমাত্র ০১ (এক) টি সংখ্যায় জরুরিভিত্তিতে প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৩ (তিন) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৭। জেলা তথ্য অফিসার কক্সবাজার (তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
১৮। অফিস কপি/ নোটিশ বোর্ড।

২৯/০৬/২০২৬

তানভীর আহমদ
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
কক্সবাজার
ফোনঃ ০২৩৩৪৪৬২২২৫
email: coxsbazarsa@gmail.com

CamScanner